# সফটওয়্যারের কারুকাজ

## বুটেবল উইন্ডোজ ৮ রিকোভারি টুল তৈরি

বিভিন্ন কারণে অনেক সময় উইন্ডোজ বুট নাও হতে পারে। তাই প্রত্যেক ব্যবহারকারীর উচিত কয়েক ধরনের বুটেবল রিকোভারি টুল তৈরি করে রাখা। সৌভাগ্যবশত উইন্ডোজ ৮-এ এ কাজটি সহজ করা হয়েছে। আপনি ইচ্ছে করলে ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ বা খালি ডিস্ক ব্যবহার করে রিকোভারি ডিস্ক তৈরি করতে পারেন। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করতে হবে :

* উইন্ডোজ স্টার্ট স্ক্রিনে থেকে টাইপ করুন recovery।

* আবির্ভূত হওয়া সার্চ রেজাল্টে Setting-এ ক্লিক করে Create a recovery drive-এ ক্লিক করুন।

* যদি অপশনটি গ্রেআউট না হয়, তাহলে copy the recovery partition from the PC to the recovery drive মার্ক করা বক্স চেক করে দেখুন। এটি ছাড়া আপনি পাবেন শুধু system-repair টুল, যা সম্পূর্ণ রিইনস্টল করা সক্ষম নয়। এরপর নেক্সটে ক্লিক করুন।

* এর ফলে টুল আপনাকে বলে দেবে ব্যাকআপের জন্য কতটুকু ক্যাপাসিটি দরকার। বাই-ডিফল্ট এটি একটি বুটেবল ফ্ল্যাশ ড্রাইভ তৈরি করবে, তবে আপনি যদি একটি ফ্ল্যাশ ড্রাইভ ইনসার্ট না করেন, তাহলে বিকল্প হিসেবে Create a system-repair dive with a CD or DVD অপশন ক্লিক করুন।

* এবার প্রম্পট অনুসরণ করে বাকি কাজ সম্পন্ন করে প্রসেস সম্পন্ন করুন।

### পিসি রিপেয়ার করা

যদি উইন্ডোজ ৭ স্টার্ট না হয়, তাহলে আপনার জন্য ইনস্টলেশন বা রিপেয়ার ডিস্কের দরকার হবে না। কেননা বর্তমানে আপনার হার্ডডিস্কেই সাধারণত রিপেয়ার এনভায়রনমেন্ট ইনস্টল করা থাকে। পিসি স্টার্ট করেই F8 ফাংশন কী চাপুন। যদি Repair your computer অপশন থাকে, তাহলে তা বেছে নিন উইন্ডোজ ৭-এর রিকোভারি টুলের পুরো রেঞ্জ দেখার জন্য।

### ডাটা প্রোটেক্ট করা

যদি এক বা একাধিক ফোল্ডারে আপনার ব্যক্তিগত ফাইল থাকে। তাহলে আপনার উচিত সেগুলো নেটওয়ার্কের অন্যান্য ব্যবহারকারীর কাছ থেকে দূরে সরিয়ে রাখা। এজন্য কাঙ্ক্ষিত ফোল্ডারে ডান ক্লিক করে সিলেক্ট করুন Share with→Nobody। এর ফলে এগুলো প্রাইভেট বা ব্যক্তিগত হিসেবে পরিণত হবে আপনার দৃষ্টিতে।

### ভিডিও ফোল্ডারে দ্রুতগতিতে অ্যাক্সেস করা

আপনি কি ভিডিও ফোল্ডারে দ্রুতগতিতে অ্যাক্সেস পেতে চান? উইন্ডোজ ৭-এ স্টার্ট মেনুতে এই ফিচার যুক্ত করার সুবিধা রয়েছে। এজন্য Start orb-তে ডান ক্লিক করুন। এরপর Properties→Start Menu→ Customize ক্লিক করুন। এবার ভিডিও অপশনকে 'Display as a link'-এ সেট করুন। যদি আপনার টিভি টিউনার উইন্ডোজ ৭-এ কাজ করে তাহলে বেছে নিতে পারেন নতুন অপশন, যাতে স্টার্ট মেনুতে Recorded TV ফোল্ডার দেখা যায়।

**শফিকুল গনি**
কেরানীগঞ্জ, ঢাকা।

## তৈরি করুন নিজের ছবির আইকন

কমপিউটারের ফোল্ডারের আইকন হিসেবে ইচ্ছে করলে নিজের ছবি ব্যবহার করতে পারেন। এজন্য দরকার ইমেজ আইকন নামে একটি সফটওয়্যার। মাত্র ১.০১ মেগার ছোট এ সফটওয়্যারটি httr://www.ziddu.com/download/9779577/image icon বা www.biggani.tlc.exe.html সাইট থেকে নামিয়ে নিন। এরপর সফটওয়্যারটি ইনস্টল করে চালু করুন। ইমেজ আইকন ওপেন করে যে ছবির আইকন তৈরি করতে চান, সেটি মাউস দিয়ে ড্রাগ করে সফটওয়্যারটিতে ছেড়ে দিলে স্বয়ংক্রিয়ভাবে আইকন তৈরি হয়ে যাবে। যেকোনো ফোল্ডারের আইকন পরিবর্তন করতে ফোল্ডারের ওপর মাউস রেখে Properties→Customize→Changeicon-এ যান। এখন ব্রাউজ করে আইকনটি সিলেক্ট করে দিলেই আপনার পছন্দের ছবিটি ফোল্ডারের আইকন হিসেবে দেখতে পাবেন।

### সাদা-কালো পটভূমিতে রঙিন ছবি

আমরা অনেক সময় ছবিতে সাদা-কালো ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি দেখে থাকি। অর্থাৎ পুরো ছবিটি থাকে সাদা-কালো পটভূমিতে, কিন্তু ছবির নির্দিষ্ট একটি অংশ থাকে রঙিন। আপনি ইচ্ছে করলে যেকোনো ছবির সাদা-কালো পটভূমিতে ছবির নির্দিষ্ট জায়গায় রঙিন করে দিতে পারেন। এ কাজটি ফটোশপ দিয়ে করতে পারেন। প্রথমে ফটোশপের মাধ্যমে কাঙ্ক্ষিত ছবিটি ওপেন করুন। এবার সবার ওপরে Layer বাটন থেকে New Adjustment Layer অপশনে যান এবং Layer লেখা বক্সে Ok করুন। এখন Hue/Saturation লেখা বক্সটি আসবে। এখানে Hue স্লাইডারটি টেনে একেবারে বাম পাশে নিয়ে আসুন বা Hue লেখা বক্সে ১৮০ লিখে দিন। এরপর Saturation লেখা বক্সটি টেনে একেবারে বাম পাশে নিয়ে আসুন বা Saturation লেখা বক্সে ১০০ লিখে দিন। এরপর Ok দিন। এখন দেখুন আপনার পুরো ছবিটি সাদা-কালো হয়ে গেছে। এখন টুলবার থেকে Brush Tool সিলেক্ট করুন। এখন Set foreground color অপশন থেকে foreground color হিসেবে কালো রং দিন। এখন আপনি ছবির যে অংশটি রঙিন সেখানে মাউস দিয়ে ড্রাগ করলে কাঙ্ক্ষিত ছবিটি রঙিন হবে। ছবিটির কাজ শেষ হলে File→Save as option-এ গিয়ে JPG ফরম্যাটে ছবিটি সেভ করুন।

**এনামুল হক খান**
মগবাজার, ঢাকা।

## মাইক্রোসফট ওয়ার্ডের অজানা কিছু গোপন শর্টকাট

সবচেয়ে বেশি ব্যবহৃত অ্যাপ্লিকেশনের মধ্যে মাইক্রোসফট ওয়ার্ড হলো অন্যতম। মাইক্রোসফট ওয়ার্ডের এমন কিছু গোপন শর্টকাট রয়েছে, যা সাধারণ অনেক ব্যবহারকারীরই অজানা। সে ধরনের কিছু অজানা গোপন টিপ নিচে উপস্থাপন করা হয়েছে :

### ডাবল ক্লিক অ্যান্ড ড্রাগ

বেশিরভাগ সাধারণ ব্যবহারকারী ডকুমেন্টের কিছু অংশ এক জায়গা থেকে অন্য জায়গায় সরিয়ে নেয়ার জন্য Ctrl+ চেপে কপি করে ভিন্ন জায়গায় গিয়ে Ctrl+V চাপেন। এটি চমৎকার কাজ করে। এছাড়া আরেকটি অধিকতর দ্রুততর উপায় হলো কাঙ্ক্ষিত টেক্সটকে হাইলাইট করুন অথবা ডাবল ক্লিক করে সিলেক্ট করুন। এরপর হাইলাইট হওয়া টেক্সটকে ড্রাগ করে কাঙ্ক্ষিত জায়গায় নিয়ে গিয়ে ছেড়ে দিন।

### ডাবল আন্ডারলাইন

কোনো টেক্সটকে হাইলাইট করে Ctrt+B চাপলে বোল্ড হয়। Ctrl+U চাপলে আন্ডারলাইন হয়, যা আমাদের সবারই জানা। কোনো টেক্সটকে হাইলাইট করে Ctrl+Shift+D চাপলে ডাবল আন্ডারলাইন হয়, তবে ম্যাক কমপিউটারের ক্ষেত্রে Command+Shift চাপতে হবে।

### কেস পরিবর্তন করা

লোয়ার কেস থেকে আপার কেসে টেক্সটকে রূপান্তর করার জন্য পুরো টেক্সট আবার নতুন করে টাইপ করার দরকার নেই। এজন্য টেক্সটকে হাইলাইট করে কেস বাটনে ক্লিক করুন এবং কাঙ্ক্ষিত কেস বেছে নিন।

### ডেট যুক্ত করা

দিনে কতবার ডেট টাইপ করতে হয় আপনাকে? যদি ঘন ঘন ডেট টাইপ করতে হয়, তাহলে Alt+Shift+D কী চাপুন অথবা Ctrl +Shift+D চাপুন ম্যাক কমপিউটারের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে ডেট যুক্ত করার জন্য।

**রিনা রায়**
আম্বরখানা, সিলেট।

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে-* ***শফিকুল গনি, এনামুল হক খান*** *ও* **রিনা রায়।**